

COMPOSITION

Xelosil Suspension: Aniseed flavored suspension; each 10 ml suspension contains Sodium Alginate BP 500 mg. Sodium Bicarbonate BP 213 mg & Calcium Carbonate USP 325 mg.

INDICATIONS

Xelosil is indicated for the treatment of acid related symptoms of gastro-oesophageal reflux such as acid regurgitation, heartburn and indigestion, for example following meals or during pregnancy.

DOSAGE AND ADMINISTRATION

Adults and children 12 years and over: Take 10-20 ml after meals and at bedtime.

Children 6 to 12 years: Take 5-10 ml after meals and at bedtime.

Children under 6 years: Not recommended

Route of administration: Oral

CONTRAINDICATION

Xelosil Suspension is contraindicated in patients with known or suspected hypersensitivity to Sodium Alginate, Sodium Bicarbonate & Calcium Carbonate or any of the excipients used in the suspension.

WARNINGS & PRECAUTION

Each 10 ml dose has a sodium content of 127.25 mg (5.53 mmol). This should be taken into account when a highly restricted salt diet is recommended, e.g., in some cases of congestive cardiac failure and renal impairment. Each 10 ml dose contains 130 mg [3.25 mmol] of calcium. Care needs to be taken in treating patients with hypercalcaemia, nephrocalcinosis and recurrent calcium containing renal calculi.

SIDE EFFECT

Very rarely patients sensitive to the ingredients used in the suspension may develop allergic manifestations such as urticaria or bronchospasm, anaphylactic or anaphylactoid reactions. Ingestion of large quantities of calcium carbonate may cause alkalosis, hypercalcaemia, acid rebound, milk alkali syndrome or constipation.

USE IN PREGNANCY & LACTATION

Pregnancy: This suspension can be used during pregnancy, if clinically needed.

Lactation: No known effect on breastfed infants. This suspension can be used during breastfeeding.

DRUG INTERACTION

Drug interaction with medication: Due to the presence of calcium and carbonates which act as an antacid, a time interval of 2 hours should be considered between intake of this suspension and the administration of other medicinal products, especially antihistamines, tetracyclines, digoxin, fluoroquinolone, iron preparation, thyroid hormones, ketoconazole, neuroleptics, thyroxine, penicillamine, beta blockers, glucocorticoid and chloroquine, estramustine and diphosphonates.

Drug interaction with food and others: Not applicable.

OVERDOSE

In the event of overdose, symptomatic treatment should be given.

STORAGE

Store below 30°C, in a cool & dry place. Keep away from light. Keep out of the reach of children.

HOW SUPPLIED

Xelosil Suspension: Each commercial box contains a bottle containing 200 ml suspension and a measuring cup.

Manufactured for:

Everest Pharmaceuticals Ltd.

BSCIC I/A, Kanchpur, Narayanganj, Bangladesh

Manufactured by Sharif Pharmaceuticals Ltd.

Rupganj, Narayanganj, Bangladesh

1901000091

উপাদান

জেলোসিল সাসপেনশনঃ মৌরির স্বাদযুক্ত সাসপেনশন; প্রতি ১০ মি.লি. সাসপেনশন এ আছে সোডিয়াম অ্যালজিনেট বিপি ৫০০ মি.গ্রা., সোডিয়াম বাইকার্বনেট বিপি ২১৩ মি.গ্রা. এবং ক্যালসিয়াম কার্বনেট ইউএসপি ৩২৫ মি.গ্রা.।

নির্দেশনা

এসিড সম্পর্কিত গ্যাস্ট্রোইসোফ্যাজিয়াল রিফ্লাক্স ডিজঅর্ডারের উপসর্গ সমূহ যেমনঃ এসিড রিগারজিটেশন, বুকজ্বলা, বদহজম যা খাবার পরে অথবা গর্ভাবস্থায় হতে পারে এসকল অস্বস্তির চিকিৎসায় জেলোসিল নির্দেশিত।

মাত্রা এবং সেবনবিধি

প্রাপ্ত ও ১২ বছরের অধিক বয়স্ক শিশুঃ ১০-২০ মি.লি. সাসপেনশন প্রতিবার খাবারের পর ও রাতে ঘুমানোর আগে সেবন করতে হবে।

৬-১২ বছরের শিশুঃ ০৫-১০ মি.লি. সাসপেনশন প্রতিবার খাবারের পর ও রাতে ঘুমানোর আগে সেবন করতে হবে।

৬ বছরের কম বয়স্ক শিশুঃ নির্দেশিত নয়।

প্রয়োগবিধিঃ মুখে সেব্য।

প্রতিনির্দেশনা

সোডিয়াম অ্যালজিনেট, সোডিয়াম বাইকার্বনেট এবং ক্যালসিয়াম কার্বনেট অথবা সাসপেনশনে ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা আছে এমন রোগীদের ক্ষেত্রে জেলোসিল প্রতিনির্দেশিত।

সতর্কতা ও সাবধানতা

প্রতিটি ১০ মি.লি. ডোজে ১২৭.২৫ মি.গ্রা. (৫.৫৩ মিলিমোল) সোডিয়াম থাকে। যদি কোনো রোগীকে অত্যন্ত সীমিত লবণযুক্ত খাদ্যের সুপারিশ করা হয় যেমন, কন্জেস্টিভ কার্ডিয়াক ফেইলিওর এবং রেনাল ইমপেয়ারমেন্ট সেক্ষেত্রে এই সোডিয়ামের পরিমাণ গণনায় আনতে হবে।

প্রতি ১০ মি.লি. ডোজে ১৩০ মি.গ্রা. (৩.২৫ মিলিমোল) ক্যালসিয়াম থাকে। তাই হাইপারক্যালসেমিয়া, নেফ্রোক্যালসিনোসিস এবং রিকারেণ্ট ক্যালসিয়াম কন্টেইনিং রেনাল ক্যালকুলি এর রোগীদের ক্ষেত্রে এই ক্যালসিয়ামের পরিমাণ গণনায় আনতে হবে।

সতর্কতা

খুবই বিরল ক্ষেত্রে সাসপেনশনে ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীর এলার্জিক উপসর্গ দেখা দিতে পারে যেমনঃ আর্টিকারিয়া, ব্রঙ্কোস্পাজম, এনাফাইল্যাক্টিক অথবা এনাফাইল্যাক্টয়েড রিয়াকশন। বেশী পরিমাণে ক্যালসিয়াম কার্বনেট গ্রহণ করলে অ্যালকালোসিস, হাইপারক্যালসেমিয়া, এসিড রিবাউন্ড, মিক্স এলকালি সিনড্রোম অথবা কোষ্ঠকাঠিন্য হতে পারে।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায়ঃ প্রয়োজন সাপেক্ষে ব্যবহার করা যেতে পারে।

স্তন্যদানকালেঃ স্তন্যপানকারী বাচ্চাদের উপর কোন প্রভাব পাওয়া যায়নি। প্রয়োজন সাপেক্ষে ব্যবহার করা যেতে পারে।

প্রতিক্রিয়া

অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়াঃ ক্যালসিয়াম এবং কার্বনেটের উপস্থিতির কারণে জেলোসিল এবং অন্যান্য ওষুধ বিশেষভাবে এন্টিহিস্টামিন, হেটাসাইক্লিন, ডিগক্সিন, ফ্লুরোকুইনোলনস, আয়রন প্রিপারেনস, থাইরয়েড হরমোন, ক্রিটোকোনাজল, নিউরোলেপটিকস, থাইরক্সিন, পেনিসিলামাইন, বিটা ব্লকারস, গ্লুকোকোর্টিকয়েড, ক্লোরোকুইন, এস্ট্রামাসটিন এবং ডাইফসফোনেট প্রয়োগের ক্ষেত্রে ২ ঘণ্টা সময় ব্যবধান বিবেচনা করা উচিত।

খাবারের সাথে প্রতিক্রিয়াঃ প্রযোজ্য নয়।

অতিমাত্রা

অতিমাত্রার ক্ষেত্রে, লক্ষণমূলক চিকিৎসা দিতে হবে।

সংরক্ষন

৩০° সেন্টিগ্রেড তাপমাত্রার নীচে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। আলো থেকে দূরে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ

জেলোসিল সাসপেনশনঃ প্রতিটি বাণিজ্যিক কার্টুনে রয়েছে ২০০ মি.লি. সাসপেনশন সমৃদ্ধ একটি বোতল এবং একটি পরিমাপক কাপ।

প্রস্তুতকারকঃ

এভারেস্ট ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড

বিসিক শিল্প এলাকা, কাঁচপুর, নারায়ণগঞ্জ, বাংলাদেশ

এর পক্ষে শরীফ ফার্মাসিউটিক্যালস লিমিটেড

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ